

Total No. of Printed Pages—4

1 SEM TDC BNLN (CBCS) DSC 1

2019

(December)

BENGALI

(Discipline Specific Course)

Paper : DSC-1

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১ম একক

(বাংলা ভাষা ও সাহিত্য পরিচয়)

- ১। ৯০০ খ্রীষ্টাব্দ থেকে আজ পর্যন্ত বাংলা ভাষার বিবর্তনের ইতিহাসকে তিনটি যুগে ভাগ করা হয়। এই তিনটি যুগের প্রাচীন বাংলা, মধ্যবাংলা ও আধুনিক বাংলা ভাষার কাল উল্লেখ করে এই সময় বাংলা ভাষার যে নিদর্শন পাওয়া যায় তা আলোচনা কর।

১২

অথবা

প্রাচীন বাংলার অথবা মধ্যবাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

২। অতি সংক্ষেপে লেখ (যে কোনো তিনটি) :

১×৩=৩

- (ক) ৯০০ থেকে ১০০০ খ্রীষ্টাব্দের মধ্যে মাগধী অপভ্রংশ অবহর্ট থেকে কোন্ ভাষার জন্ম হয় ?
- (খ) ১২০০ খ্রীষ্টাব্দ থেকে ১৩৫০ খ্রীষ্টাব্দ পর্যন্ত সময়ে কোন্ যুগ বা পর্ব বলা হয় ?
- (গ) 'রামায়ণ' ও 'মহাভারত'-এর অনুবাদ কোন্ সময়ে হয়েছিল ?
- (ঘ) বাংলা ভাষার একটি উপভাষার নাম লেখ ।

২য় একক

(বাংলা শব্দের উৎস ও বিবর্তন)

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১২×২=২৪

- (ক) বাংলা ভাষার শব্দভাণ্ডারকে উৎসগত বিচারে কয়টি শ্রেণীতে ভাগ করা যায়? মৌলিক ও আগমক শব্দের শ্রেণীভাগ করে উদাহরণসহ সংজ্ঞা লেখ ।
- (খ) বাংলা ভাষার প্রধানত কয়টি উপভাষা রয়েছে? যে-কোন দুটি উপভাষার অবস্থান ও ঋনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখ ।
- (গ) সাধু ও চলিত ভাষার পরিচয় দিয়ে তাদের মধ্যে যে পার্থক্য রয়েছে তা উদাহরণসহ আলোচনা কর ।

৪। সংক্ষেপে লেখ :

৪

(ক) নবগঠিত শব্দ কাকে বলে? উদাহরণসহ লেখ।

অথবা

(খ) বাংলা শব্দের বিবর্তনের একটি সংক্ষিপ্ত ধারণা দাও।

৫। অতি সংক্ষেপে লেখ (যে কোনো দুটি) :

১×২=২

(ক) একটি দেশি শব্দের নাম লেখ।

(খ) 'দেউল' শব্দের উৎস নির্ণয় কর।

(গ) 'উনান' শব্দের উৎস নির্ণয় কর।

৩য় একক

(ধ্বনিপ্রকরণ)

৬। উদাহরণসহ সংজ্ঞা লেখ :

৪+৪+৪=১২

অভিশ্রুতি ; অপিনিহিতি ; বিপর্যাস

৭। অতি সংক্ষেপে লেখ (যে কোনো তিনটি) :

১×৩=৩

(ক) স্বরাগম কত প্রকার?

(খ) সমীভবনকে কয় ভাগে ভাগ করা যায়?

(গ) করিয়া > কইর্যা (অপিনিহিতি) > ? অভিশ্রুতির রূপ কি হবে?

(ঘ) স্কুল > ইস্কুল ধ্বনি পরিবর্তনের ধারায় একে কি বলা হয়?

৪র্থ একক

(প্রাচীন বাংলা সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয়)

৮। চর্যাপদের পদ নং ১, ১০, ২৮ এই তিনটি পদের মধ্যে যে-
কোন দুটি পদের অর্থ বুঝিয়ে লেখ। ৪+৪=৮

৯। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থে 'রাধাবিরহ' খণ্ডটি আলোচনা কর। ৮

অথবা

'রাধাবিরহ' খণ্ডে রাধার যে চিত্রটি ফুটে উঠেছে তা আলোচনা
কর।

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) চর্যার ভাষাশুলি কি নামে পরিচিত?

(খ) চর্যাপদে মোট কতগুলি পদ ছিল?

(গ) চর্যার পুঁথিটি কত খ্রীষ্টাব্দে নেপালের রাজদরবার থেকে
আবিষ্কার করা হয়েছিল?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির রচয়িতা কে?

(ঙ) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কত খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়েছে?

★★★